ঝিনাইদহের রাবেয়া ক্লিনিকের মালিককে এক লক্ষ টাকা অর্থদন্ড

ঝিনাইদহের রাবেয়া ক্লিনিকে চিকিৎসা ব্যবস্থাপনায় অনিয়ম করায় ক্লিনিক মালিককে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা অর্থদন্ড করেছে র্যাব-৬ এর ভ্রাম্যমান আদালত।

গতকাল শনিবার ২টার সময়ে র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার সদর থানাধীন আরাপপুর মোড়স্থ এলাকার রাবেয়া ক্লিনিক এন্ড ডায়াগনোষ্টিক সেন্টারে দীর্ঘদিন যাবত অপরিষ্কার ও অপরিচ্ছন্ন পরিবেশে চিকিৎসা সেবা পদান করে আসছে। তারা মেয়াদউত্তীর্ণ রক্ত, গজ, ব্যান্ডেজ এবং বিভিন্ন চিকিৎসার সরঞ্জামাদি ব্যবহার ও বিক্রয় করে আসছে। ফলে জনসাধারনের স্বাস্থ্য নিরাপত্তা হুমকির মুখে পরছে।

প্রাপ্ত সংবাদের ভিত্তিতে র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি চৌকস আভিযানিক দল, কোম্পানী কমান্ডার, স্কোয়াড্রন লীডার, মোঃ ইশতিয়াক হোসাইন ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (এসিল্যান্ড), এস এম নুরুন্নবী এর সহযোগীতায় ঝিনাইদহ জেলার সদর থানার আরাপপুর মোড়স্থ এলাকায় রাবেয়া ক্লিনিক এন্ড ডায়াগনোষ্টিক সেন্টারে মোবাইল কোর্ট পরিচালনা করে উক্ত প্রতিষ্ঠানের ব্যাবস্থাপনা পরিচালক, মো: মেহেদী হাসান (২৫) কে নগদ এক লক্ষ টাকা অর্থদন্ড অনাদায়ে ০৩ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়। জরিমানার অর্থ সংশ্লিষ্ঠ প্রতিষ্ঠানটি সরকারি কোষাগারে জমা করা হয়েছে।